# দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

# For Procurement of Goods

**(Request for Quotation Method)**

ISO 9001:2015 certified

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

জয়নগর, চন্ডিপুর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।

**"দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর "ইউনিফর্ম"** সরবরাহের **দরপত্র (RFQ)**
**দরপত্র নং- ৪৩/২০২১-২২**

**প্রশাসন বিভাগ**


দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

জয়নগর,চন্ডিপুর,ফুলবাড়ী,বিরামপুর, দিনাজপুর।

ওয়েব সাইট- www pbs2.dinajpur.gov.bd, ই-মেইল-dpbstwo@gmail.com

মোবাইল নং ০১৭৬৯-৪০১১২৮


ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ

# দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

জয়নগর,চন্ডিপুর,ফুলবাড়ী,বিরামপুর, দিনাজপুর।

E-mail : dpbstwo@gmail.com, Web: www.pbs2.dinajpur.gov.bd, মোবাইল নং-০১৭৬৯৪০১১২৮

স্মারক নং- ২৭.১২.২৭৩৮.৫৪৪.০১.০৩৮.২২.১৬৫৮

তারিখঃ ২১ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
০৪ এপ্রিল, ২০২২ খ্রিঃ

বিষয়ঃ "ইউনিফর্ম" সরবরাহের দরপত্র (RFQ) প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র।

দরপত্র নং- ৪৩/২০২১-২২।

প্রতি,

................................

................................

১. দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিজস্ব তহবিলের আওতায় "কর্মচারীদের ইউনিফর্ম" সরবরাহের লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

২. মালামাল সরবরাহে ইচ্ছুক সকল দরপত্রদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদসংগে সংযুক্ত 'দরপত্র দলিল' ব্যবহার করে দরপত্র প্রস্তুত এবং দাখিল করতে হবে। দরপত্র দলিল সমিতির ওয়েব সাইট www.pbs2.dinajpur.gov.bd হতে ডাউনলোড করে দরপত্রের সকল শর্তাদি পূরণ সাপেক্ষ্যে দাখিল করতে হবে। নির্ধারিত দরপত্র ব্যতীত অন্য কোন দরপত্র বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে দিনাজপুর পবিস-২ হতে দরপত্র দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

৪. দরপত্র প্রদানের স্থান ও সময়

| | | |
|---|---|---|
| ০১। | RFQ জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময় | ১২/০৪/২০২২ খ্রিঃ তারিখ মঙ্গলবার বেলা ১১:৩০ ঘটিকা পর্যন্ত |
| ০২। | RFQ জমা দেয়ার স্থান | পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর। |
| ০৩। | RFQ খোলার তারিখ, সময় ও স্থান | ১২/০৪/২০২২ খ্রিঃ তারিখ মঙ্গলবার বেলা ১১:৩৫ ঘটিকায় পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এবং দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর। |

৫. দরপত্র দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। দরপত্র দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত দরপত্র অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

৬. দরপত্র দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, দরপত্র জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৭. দরপত্র দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল দরপত্র বৈধ থাকবে।

৮. দরপত্র দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত দরপত্রসমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থানসমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

৯. মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহের পর এবং সমিতির প্রতিনিধির মাধ্যমে মালামালের গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে গ্রহন করা হবে। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষ্যে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১০. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। দরপত্র দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১১. মূল্যায়ন কমিটি দরপত্রের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে দরপত্র মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য দরপত্র নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন) টি গ্রহণযোগ্য দরপত্রের প্রয়োজন হবে।

১২. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকবে।

১৩. কার্যাদেশ জারীর তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৪. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যাথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১৫. দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক / সম্পূর্ণ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

৪/৪/২২

(মোঃ শহীদ উদ্দিন)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।

অনুলিপিঃ নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত সময়ে দরপত্র বক্সে দরপত্র গ্রহণের অনুরোধ সহ)।
০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৩। পুলিশ সুপার, দিনাজপুর।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, দিনাজপুর।
০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার.............................পবিস-১/২/৩/৪।
০৮। উপজেলা নির্বাহী অফিসার........................ উপজেলা, দিনাজপুর।
০৯। মেয়র, ..............................পৌরসভা, দিনাজপুর।
১০। সিনিয়র ডিজিএম, দিপবিস-২।
১১। সহকারী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর। (দরপত্র মূল্যায়নের জন্য নির্দিষ্ট সময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো)।
১২। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), দিপবিস-২।
১৩। এজিএম (আইটি), দিপবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য )।
১৪। নোটিশ বোর্ড/ অফিস কপি / মাষ্টার কপি।

৪/৪/২২

(মোঃ শহীদ উদ্দিন)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।

দরপত্র দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

দরপত্রের স্মারক নম্বর: ২৭.১২.২৭৩৮.৫৪৪.০১.০৩৮.২২.১৬৫৮ তারিখ: ০৪/০৪/২০২২ খ্রিঃ

প্রতি

-----------------------------

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে "কর্মচারীদের ইউনিফর্ম" সরবরাহের জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের দরপত্রের মোট মূল্য টাকা -------------------------কথায়ঃ---------------------------------------------------

আমার/আমাদের দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (RFQ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি দরপত্র দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ০৪/০৪/২০২২ খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল দরপত্র অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সীলসহ দরদাতার স্বাক্ষর

তারিখঃ

# পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

দরপত্রের স্মারক নম্বরঃ ২৭.১২.২৭৩৮.৫৪৪.০১.০৩৮.২২.১৬৫৮ তারিখঃ ০৪/০৪/২০২২খ্রিঃ

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমান | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | | জিন্স প্যান্ট (কাপড় ও সেলাই) : ১৭ আউন্স ওয়াস করা সফট ও উন্নতমানের ষ্ট্রীজ জিন্স এর কাপড় (থাইল্যান্ড এর তৈরী), নেভি ব্লু কালার, প্রতি পিস ১ গজ ৪ গিরা, সমিতির প্রদত্ত নমুনা এবং মাপ অনুযায়ী উন্নতমানের সেলাই, উন্নতমানের স্টীলের চেইন এবং সাইডে ওভার লকিং সেলাই সহ লুজ ফিটিং প্যান্ট তৈরী করতে হবে (নমুনা মোতাবেক)। | টি | ১৭৯ | | | | দিনাজপুর পবিস-২ |
| ২ | | ফুল হাতা শার্ট (কাপড় ও সেলাই) : প্রেসিডেন্ট ব্রান্ডের কাপড়, হালকা আকাশী রং, প্রতি পিস ১ গজ ১৪ গিরা, সমিতির প্রদত্ত নমুনা এবং মাপ অনুযায়ী উন্নতমানের বকরম এবং সাইডে ওভার লকিং সেলাই সহ লুজ ফিটিং ফুল হাতা শার্ট তৈরী করতে হবে (নমুনা মোতাবেক)। বাম পার্শ্বের পকেটের উপর ৩´×১/২ সাইজের "দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২" সুতা দিয়ে অথবা স্ক্রীন প্রিন্ট দ্বারা অর্ধবৃত্ত আকারে লিখা সম্বলিত। | টি | ১৭৯ | | | | |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, জয়নগর, চন্ডিপুর,ফুলবাড়ী,বিরামপুর, দিনাজপুর । |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য ---------------------------------------- |
| প্রস্তাবিত সরবরাহ | ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | দরপত্র দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত প্রদান করতে হবে না, তবে কার্যসম্পাদনের জামানত হিসেবে পোষাক সরবরাহের দিন হতে পরবর্তী ০৩ (তিন) মাসের জন্য বিল থেকে ১০% অর্থ কর্তন করে জামানত হিসেবে জমা রাখা হবে। যা ০৩ (তিন) মাসের মধ্যে কোন ত্রুটি দেখা দিলে পুনঃ সেলাই করে দিতে হবে অন্যথায় সেলাই বাবদ ব্যয় জামানত থেকে সমন্বয় করা হবে। কোন সমস্যার সৃষ্টি না হলে ০৩ (তিন) মাস পর আবেদন প্রাপ্তি সাপেক্ষে জমাকৃত অর্থ ফেরত প্রদান করা হবে। |

আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফশীলের তফশীলে ------টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব ........./......../২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে ।

| | |
|---|---|
| সীলসহ দরপত্র দাতার নাম ও স্বাক্ষর | তারিখ: -------------------- |

টীকা:

১। কলাম ১,২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ দরপত্রদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | - | জিন্স প্যান্ট (কাপড় ও সেলাই) : ১৭ আউন্স ওয়াস করা সফট ও উন্নতমানের ট্রীজ জিন্স এর কাপড় (থাইল্যান্ড এর তৈরী), নেভি ব্লু কালার, প্রতি পিস ১ গজ ৪ গিরা, সমিতির প্রদত্ত নমুনা এবং মাপ অনুযায়ী উন্নতমানের সেলাই, উন্নতমানের স্টীলের চেইন এবং সাইডে ওভার লকিং সেলাই সহ লুজ ফিটিং প্যান্ট তৈরী করতে হবে (নমুনা মোতাবেক)। | সমিতির নমুনা মোতাবেক | | |
| | | ফুল হাতা শার্ট (কাপড় ও সেলাই) : প্রেসিডেন্ট ব্রান্ডের কাপড়, হালকা আকাশী রং, প্রতি পিস ১ গজ ১৪ গিরা, সমিতির প্রদত্ত নমুনা এবং মাপ অনুযায়ী উন্নতমানের বকরম এবং সাইডে ওভার লকিং সেলাই সহ লুজ ফিটিং ফুল হাতা শার্ট তৈরী করতে হবে (নমুনা মোতাবেক)। বাম পার্শ্বের পকেটের উপর ৩´×১/২ সাইজের ''দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২'' সুতা দিয়ে অথবা স্ক্রীন প্রিন্ট দ্বারা অর্ধবৃত্ত আকারে লিখা সম্বলিত। | সমিতির নমুনা মোতাবেক | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| ক্রয়কারীঃ | সরবরাহকারী: |
|---|---|
| (স্বাক্ষর) ৪/৪/২২<br>(মোঃ শহীদ উদ্দিন)<br>জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২<br>ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর। | নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ | তারিখ |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ দরপত্র দাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো দরপত্রের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক দরপত্রের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম , দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । দরপত্রদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

Akhtal 04.04.22

# দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

জয়নগর,চন্ডিপুর,ফুলবাড়ী,বিরামপুর, দিনাজপুর।

## বিষয়ঃ "কর্মচারীদের ইউনিফর্ম" সরবরাহের জন্য কার্যাদেশ ।

ক্রয় আদেশ ------------------------------------------------------------------------------- তারিখ----------------------খ্রিঃ

| | |
|---|---|
| দরপত্র নম্বর: ___________ | তারিখ : ---------- |
| প্রতি:<br>--------------------------- | |
| **সরবরাহের** তারিখ: ---------------------- | **ক্রয়াদেশকৃত** পণ্যের মূল্য: টাকা ----------------------<br>**সরবরাহ** : শর্তানুযায়ী |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ------------ তারিখের দাখিলকৃত দরপত্রের দর ১ম সর্বনিম্ন হওয়ায়, দরপত্র মূল্যায়ন কমিটির নিকট বিবেচিত হওয়ায় নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে "কর্মচারীদের ইউনিফর্ম" সরবরাহের নিমিত্তে --------------------------- টাকার কথায়------------ কাযাদেশ প্রদান করা হল । উল্লিখিত মলামাল সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক

দিনাজপুর পল্লী ... বিরামপুর, দিনাজপুর

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে------------------------------ কথায়---------------- --------------------------------।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ [মাস উল্লেখ করুন; প্রযোজ্য না হলে 'নেই' উল্লেখ করুন] ।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮.দরপত্র দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত প্রদান করতে হবে না, তবে কার্যসম্পাদনের জামানত হিসেবে পোষাক সরবরাহের দিন হতে পরবর্তী ০৩ (তিন) মাসের জন্য বিল থেকে ১০% অর্থ কর্তন করে জামানত হিসেবে জমা রাখা হবে। যা ০৩ (তিন) মাসের মধ্যে কোন ত্রুটি দেখা দিলে পুনঃ সেলাই করে দিতে হবে অন্যথায় সেলাই বাবদ ব্যয় জামানত থেকে সমন্বয় করা হবে। কোন সমস্যার সৃষ্টি না হলে ০৩ (তিন) মাস পর আবেদন প্রাপ্তি সাপেক্ষে জমাকৃত অর্থ ফেরত প্রদান করা হবে।

১৯. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

২০. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২১. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২২. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| ক্রয়কারীঃ | সরবরাহকারী:<br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
|---|---|
| (মোঃ শহীদ উদ্দিন)<br>জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২<br>ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর। | |
| তারিখ | তারিখ |